গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিকল্পনা কমিশন
আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ
প্যামস্টেক উইং

স্মারক নং ২০.০২.০০০০.০২২.০১৪.০২.২৬-৭৫

তারিখ: ১০ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ২৪ মে ২০২৬

**বিষয়ঃ "বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়ের বৈদ্যুতিক সক্ষমতা বৃদ্ধিকরণ" শীর্ষক বিনিয়োগ প্রকল্পের ওপর অনুষ্ঠিত প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) এর সভার কার্যবিবরণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয় কর্তৃক বাস্তবায়নাধীন **"বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়ের বৈদ্যুতিক সক্ষমতা বৃদ্ধিকরণ"** শীর্ষক বিনিয়োগ প্রকল্পের ওপর গত ১৯/০৫/২০২৬ তারিখে অনুষ্ঠিত প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

২৪/৫/২৬

(মো: মিজানুর রহমান))
সিনিয়র সহকারী প্রধান
ফোন: ৪৮১১৫৮৪৪

সচিব
বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়
আগারগাওঁ, শেরে বাংলা নগর
ঢাকা।

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা।
০৫। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা (দৃ:আ:মহাপরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-০১)
০৬। সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ), শেরেবাংলা নগর, ঢাকা।
০৮। প্রধান, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
০৯। প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
১০। প্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
১১। অতিরিক্ত সচিব, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা।
১২। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুন বাগিচা, ঢাকা।
১৩। যুগ্মপ্রধান, জেস্টিক (প্যামস্টেক) উইং, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
১৪। উপপ্রধান, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, জেস্টিক (প্যামস্টেক) উইং, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।

**অনুলিপি: সদয় অবগতির/অগতির জন্য**
১। সদস্য (সচিব) মহোদয়ের একান্ত সচিব, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, ভবন-১৩, কক্ষ-১০, পরিকল্পনা বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। সংশ্লিষ্ট নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিকল্পনা কমিশন
আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ
জেস্টিক(প্যামস্টেক) অনুবিভাগ
www.plancomm.gov.bd

**বিষয়: "বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের বৈদ্যুতিক সক্ষমতা বৃদ্ধিকরণ" শীর্ষক প্রকল্পের ওপর অনুষ্ঠিত প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | নাসরীন জাহান<br>সদস্য (সচিব), আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ |
| সভার তারিখ | : | ১৯ মে, ২০২৬ |
| সভার সময় | : | বেলা-৩.০০ ঘটিকা |
| স্থান | : | সভাকক্ষ, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

উপস্থাপনাঃ

১.১। সভাপতি অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে প্রধান (অতিরিক্ত সচিব), আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ প্রকল্পটি সম্পর্কে প্রাথমিক তথ্যাদি সংক্ষেপে উপস্থাপন করেন। প্রস্তাবিত ডিপিপি সম্পর্কে তিনি জানান, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়ের আওতাধীন "বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের বৈদ্যুতিক সক্ষমতা বৃদ্ধিকরণ" শীর্ষক প্রকল্পটি মোট ৮.১৪৫৭ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি ২০২৬ হতে ডিসেম্বর ২০২৬ মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত অনুমোদনের জন্য বাংলাদেশ পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। তিনি আরো জানান, আলোচ্য প্রকল্পটি ২০২৫-২৬ অর্থবছরের আরএডিপিতে জিওবি অর্থায়নে অননুমোদিত নতুন প্রকল্পের তালিকায় অন্তর্ভুক্ত আছে।

১.২। সভাপতির অনুমতিক্রমে বাংলাদেশ সরকারি কর্মকমিশন এর যুগ্ম সচিব জানান, প্রকল্পটির মূল উদ্দেশ্য হলো বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের বৈদ্যুতিক সক্ষমতা বৃদ্ধি করা। বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়ে বিদ্যমান উপকেন্দ্রটি বর্তমানে ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে, গ্রীষ্মকালে এসি, কনফারেন্স রুম এবং প্রিন্টিং প্রেস একসাথে চালানো অসম্ভব হয়ে পড়ে। যথাযথ কাজের পরিবেশ বজায় রাখার স্বার্থে বৈদ্যুতিক সক্ষমতা বৃদ্ধি করা আবশ্যক হয়ে পড়েছে বিধায় এ প্রকল্পটি প্রণয়ন করা হয়েছে।

২.০। আলোচনাঃ

২.১। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য, মূল কার্যক্রম, গ্রহণের যৌক্তিকতা, অঙ্গভিত্তিক ব্যয় প্রাক্কলনসহ সকল আনুষাঙ্গিক বিষয়াদি সম্পর্কে বাস্তবায়নকারী সংস্থা বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়-এর পক্ষ হতে সভায় পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপন করা হয়। সভায় অংশগ্রহণকারীগণ উপস্থাপিত বিষয়াদি নিয়ে বিস্তারিত আলোচনায় অংশগ্রহণ করেন। প্রকল্পটি সম্পর্কে জানতে চাইলে প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পটি ঢাকার আগারগাঁও ১১ তলা বিশিষ্ট সরকারি কর্মকমিশন সচিবালয় ভবনে অবস্থিত। ধাপে ধাপে বৈদ্যুতিক লোড বৃদ্ধি পাওয়ায় এবং বৈদ্যুতিক/যান্ত্রিক যন্ত্রপাতির Depreciation জনিত কারণে সরকারি কর্মকমিশন সচিবালয়ের বৈদ্যুতিক কাজের সক্ষমতা বৃদ্ধি করার প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। এ প্রকল্পের আওতায় রয়েছে ২৫০ কেভিএ উপকেন্দ্র স্থাপন, ৫০০ কেভিএ জেনারেটর স্থাপন, ৪৬ কিলোওয়াট Solar system স্থাপন, ১১৮.৫০ টন এয়ার কুলার স্থাপন, পিএ সিস্টেম ও সাউন্ড সিস্টেম স্থাপনসহ বৈদ্যুতিক ফিটিংস, সার্কিট ব্রেকার, সুইচ সকেট ,সিলিং ফ্যান প্রতিস্থাপন করা হবে। এছাড়াও সম্প্রতি সরকারি

কর্মকমিশন ভবনে বিসিএস পরীক্ষাসহ অন্যান্য পরীক্ষার প্রশ্নপত্র মুদ্রণের জন্য নিজস্ব ব্যবস্থাপনায় ১০টি প্রিন্টিং মেশিন, ২টি প্যাকেজিং মেশিন এবং ৮৫ টন এয়ার কুলার স্থাপন করা হয়েছে, ফলে অতিরিক্ত বিদ্যুৎ চাহিদা রয়েছে।

তিনি আরো জানান যে, কমিশনের চেয়ারম্যান ও মেম্বারগণের অফিস ও সম্মেলন কক্ষে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য ৫০০ কেভিএ জেনারেটর স্থাপন করা প্রয়োজন এবং ১১ তলা কর্মকমিশন সচিবালয়ের বিভিন্ন ফ্লোরে ৫টি কনফারেন্স রুম, নীচতলায় ১টি সভা সেমিনার রুমে (৭১ হল) ও ২ তলায় ১ টি মাল্টিপারপাস হলে সাউন্ড সিস্টেমের আধুনিকায়ন প্রয়োজন। একটি কনফারেন্স রুমে সম্পূর্ণ পিএ সিস্টেম (Central Unit, Chairman Unit, Delegate Unit) স্থাপন করা প্রয়োজন। এছাড়া ৭১ হল ও মাল্টি পারপাস হলে সভা সেমিনার করার জন্য নতুনভাবে Sound System স্থাপন এবং বিদ্যমান Sound System স্বাভাবিক রাখতে সিস্টেমগুলোর সংস্কার প্রয়োজন।

২.২। আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগের প্রধান (অতিরিক্ত সচিব) জানান যে, প্রকল্পটির নিরাপত্তা নিশ্চিত করার জন্য প্রকল্প ডিজাইনটি গণপূর্ত অধিদপ্তর ও ডেসকো এর সাথে সমন্বয় করতে হবে এবং ডিজাইনটি ডেসকো হতে অনুমোদন করিয়ে নেয়া দরকার। এত কম সময়ের মধ্যে প্রকল্পটি বাস্তবায়ন করা অনিশ্চিত হতে পারে এবং ইতোমধ্যে প্রস্তাবিত সময়ের বেশ কিছুটা অতিক্রান্ত হওয়ায় প্রকল্পের মেয়াদ জুলাই ২০২৬ হতে ডিসেম্বর ২০২৭ পর্যন্ত নির্ধারণ করার সুপারিশ প্রদান করেন। সদস্যগণ এতে একমত পোষণ করেন।

২.৩। আইএমইডি'র প্রতিনিধি জানান যে, ডিপিপিতে প্রকল্পের উদ্দেশ্য দেয়া থাকলেও লক্ষ্যমাত্রা দেয়া নেই, ডিপিপিতে পৃষ্ঠা নং ৪,৫ এবং ৭ এ বর্ণিত কাজের বিবরণী এবং কাজের নাম ইংরেজীতে রয়েছে যা বাংলায় উল্লেখ করা প্রয়োজন; টেন্ডার ক্রয় ও প্রক্রিয়াকরণ এবং দরপত্র আহ্বানের ক্ষেত্রে যথাযথ বিধি অনুসরণপূর্বক ক্রয় পদ্ধতি, ক্রয় অনুমোদনকারী কর্তৃপক্ষ এবং তারিখসমূহের যথাযথ বিন্যাস উল্লেখ করা দরকার। তিনি আরো জানান, পিআইসি ও পিএসসি সভার অংগবিভাজনে সম্মানি ভাতার বিষয়টি উল্লেখ না করা সমীচিন হবে। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের প্রতিনিধি আইএমইডি'র বক্তব্যের সাথে একমত পোষণ করেন।

২.৪। প্রকল্পটি বাস্তবায়নের ক্ষেত্রে অর্থবিভাগ থেকে নির্দেশিত জনবল কমিটির সুপারিশ ডিপিপিতে উল্লেখ করতে হবে মর্মে অর্থ বিভাগের প্রতিনিধি মতামত ব্যক্ত করেন।

২.৫। প্রকল্পের বিষয়ে উপপ্রধান জানান যে, প্রকল্পের ডিপিপি-তে জনবলের বিষয়ে কোন বিবরণ উল্লেখ নেই এবং অর্থবিভাগের জনবল কমিটির সুপারিশ নেই যা সংযুক্ত করা দরকার। এছাড়াও ডিপিপির পৃষ্ঠাক্রম সঠিক করা এবং এ প্রকল্প পরিবেশের ওপর কি প্রভাব ফেলতে পারে সে বিষয়টি স্পষ্টভাবে উল্লেখ করা দরকার। বিধিমোতাবেক যাদের AC এর প্রাপ্যতা নেই, তা ডিপিপি-তে উল্লেখ না করার জন্য তিনি মতামত প্রদান করেন।

২.৬। এ বিভাগের যুগ্মপ্রধান জানান যে, ডিপিপি এর পৃষ্ঠা নং ১১ এর ১৮ কলামে বর্ণিত NPV, BCR এবং IRR এ কোন তথ্যগত পরিসংখ্যান উল্লেখ করা হয়নি। বাজারদর যাচাই কমিটিতে একজন উপযুক্ত বহি:স্থ সদস্য যুক্ত করে প্রতিবেদন তৈরি পূর্বক সংযুক্ত করা দরকার, PSC এবং PIC কমিটি পরিপত্র অনুযায়ী গঠন করা দরকার এবং একটি বিস্তারিত এক্সিট প্ল্যান পুনর্গঠিত ডিপিপিতে সংযুক্ত করা দরকার।

৩.০। সিদ্ধান্তঃ

বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নোক্ত বিষয়সমূহ প্রতিপালন সাপেক্ষে ‘‘বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের বৈদ্যুতিক সক্ষমতা বৃদ্ধিকরণ” শীর্ষক প্রকল্প প্রস্তাব অনুমোদনের জন্য সুপারিশ করা হয়ঃ

৩.১। প্রকল্পের মেয়াদ জুলাই ২০২৬ হতে ডিসেম্বর ২০২৭ পর্যন্ত নির্ধারণপূর্বক ডিপিপি পুনর্গঠন করতে হবে।

৩.২। প্রকল্পটির ডিপিপিতে প্রকল্পের লক্ষ্যমাত্রা সুনির্দিষ্ট করে উল্লেখ করতে হবে। ডিপিপি এর পৃষ্ঠা নং ৪, ৫ এবং ৭ এ বর্ণিত কাজের বিবরণী এবং কাজের নাম উল্লেখ করতে হবে।

৩.৩। প্রকল্পটির নিরাপত্তা নিশ্চিত করার জন্য প্রকল্প ডিজাইনটি গণপূর্ত অধিদপ্তর ও ডেসকো এর সাথে সমন্বয় করে ডিজাইনটি ডেসকো হতে অনুমোদনের ব্যবস্থা নিতে হবে।

৩.৪। প্রকল্পটির ডিপিপি এর পৃষ্ঠা নং ১১ এর ১৮ কলামে বর্ণিত নেট প্রেজেন্ট ভ্যালু (NPV), বেনিফিট অফ কস্ট রেশিও (BCR) এবং ইন্টারনাল রেট অফ রিটার্ন (IRR) উল্লেখ করতে হবে।

৩.৫। বাজারদর যাচাইকরণ কমিটিতে একজন উপযুক্ত বহি:স্থ সদস্য যুক্ত করে কমিটি গঠনপূর্বক বাজারদর কমিটির প্রতিবেদন গঠন হবে এবং একটি বিস্তারিত Exit Plan ডিপিপিতে সংযুক্ত করতে হবে।

৩.৬। সর্বশেষ আর্থিক ক্ষমতা অর্পন নির্দেশিকা এবং পিপিএ ২০০৬ ও পিপিআর ২০২৫ অনুযায়ী ক্রয় পরিকল্পনা প্রণয়ন করতে হবে এবং তারিখসমূহ বর্ণিত মেয়াদের সাথে সামঞ্জস্যতা রেখে প্রদান করতে হবে।

৩.৭। জনবল নির্ধারণ সংক্রান্ত আন্ত:মন্ত্রণালয় কমিটির সুপারিশ ডিপিপিতে সংযুক্ত করতে হবে।

৩.৮। সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন নির্দেশিকা-২০২২ এর সংশ্লিষ্ট অনুচ্ছেদ অনুযায়ী প্রকল্প স্টিয়ারিং কমিটি ও প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠন করতে হবে।

৩.৯। এমটিবিএফ ও অর্থায়ন পরিকল্পনা সংক্রান্ত ছক সঠিকভাবে পূরণ ও স্বাক্ষরপূর্বক পুনর্গঠিত ডিপিপিতে সংযুক্ত করতে হবে। প্রকল্পের রিটার্ন অন ইনভেস্টমেন্ট সম্পর্কে বিস্তারিত বিবরণ সংযুক্ত করতে হবে।

৩.১০। এ প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে সামাজিকভাবে নাগরিকগণ কিভাবে সরাসরি উপকৃত হবে তার বিবরণ পুনর্গঠিত ডিপিপিতে সংযুক্ত করতে হবে। একই সাথে কর্মসংস্থান সৃষ্টি এবং ২০৩৪ সালের মধ্যে ট্রিলিয়ন ডলার অর্থনীতির লক্ষ্যমাত্রা অর্জনে প্রকল্পের ভুমিকার বিষয়ে ডিপিপিতে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৩.১১। প্রস্তাবিত প্রকল্পের সম্পাদনাজনিত ত্রুটি/বিচ্যুতি ও অন্যান্য অসংগতি সংশোধনপূর্বক ডিপিপি পুনর্গঠন করতে হবে এবং পুনর্গঠিত ডিপিপি নির্ধারিত সময়ের মধ্যে বাংলাদেশ পরিকল্পনা কমিশনের আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগে প্রেরণ করতে হবে।

৪.০। আলোচনান্তে সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪/৫/২০২৬

(নাসরীন জাহান)
সদস্য (সচিব)
ও
সভাপতি
প্রকল্প মূল্যায়ন কমিটি।